# এইচ এস সি পরীক্ষা ২০১৯ এর মডেল প্রশ্ন (সকল বোর্ড এর জন্য)

**ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা: দ্বিতীয় পত্র** বিষয় কোড : ২৭৮

সময়— ২ ঘণ্টা ৩০ মিনিট সৃজনশীল প্রশ্ন পূর্ণমান— ৭০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

## ক বিভাগ

১.▶জনাব তাহির এবিসি কোম্পানির এর সাধারণ ব্যবস্থাপক। ২০১৭ সালে তার প্রতিষ্ঠানের উৎপাদান ও বিক্রয় সংক্রান্ত তথ্য নিম্নরূপ:

| মাস | উৎপাদন (একক) | বিক্রয়(একক) |
|---|---|---|
| জানুয়ারি | ১,০০০ | ৬০০ |
| ফেব্রুয়ারি | ১,০০০ | ৭০০ |
| মার্চ | ১,০০০ | ৬৫০ |
| এপ্রিল | ১,০০০ | ৬৭৫ |
| মে | ১,০০০ | ৯৯৫ |
| জুন | ১,০০০ | ১,০০০ |

২০১৭ সালের ৩০ জুনের হিসাব থেকে দেখা যায়, জানুয়ারি-এপ্রিল মাসে অবিক্রীত পণ্যের কারণে ১০ লক্ষ টাকা ক্ষতি হয়। মে মাসের শুরুতে বিক্রয় বিভাগে ২৫ জন কর্মী নিয়োগ দিলে অবস্থা স্বাভাবিক হয়। কিন্তু জুলাই মাসে উৎপাদন বিভাগের ১০ জন দক্ষ কর্মী চাকরি ছেড়ে গেলে প্রতিষ্ঠানটি নতুন সমস্যার সম্মুখীন হয়।

ক. ব্যবস্থাপনা চক্র কী? ১

খ. "ব্যবস্থাপনা সর্বজনীন"—ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে উল্লিখিত ক্ষতির জন্য ব্যবস্থাপনার কোন কাজের ব্যত্যয় দায়ী? ব্যাখ্যা করো। ৩

ঘ. নতুন সমস্যা সমাধানে কর্মী নিয়োগের পাশাপাশি প্রশিক্ষণও দিতে হবে— তুমি কি একমত? যুক্তিসহ মতামত দাও। ৪

২.▶জনাব জুবায়ের আশা এন্ড কোং-এর ব্যবস্থাপক। তিনি তার অধীনস্থদের ওপর নির্ভরশীল। ফলে কর্মীরা নিজেদের ইচ্ছামাফিক কাজ করে। জুবায়েরের নিষ্ক্রিয়তার কারণে প্রতিষ্ঠানে এক ধরনের বিশৃঙ্খলার সৃষ্টি হয়। এ অবস্থায় ফারুক নামে এক কর্মী স্বউদ্যোগে সবাইকে কাজ সম্পাদনের নির্দেশ দেয়। ফারুক সিনিয়র কর্মী হওয়ায় সকলে তাকে মান্য করে।

ক. নেতৃত্ব কী? ১

খ. লক্ষ্যার্জনে নেতৃত্ব গুরুত্বপূর্ণ কেন? ২

গ. জনাব জুবায়েরের কর্মকাণ্ডে উদ্দীপকের প্রতিষ্ঠানে কোন ধরনের নেতৃত্বের সৃষ্টি হয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের উল্লিখিত পরিস্থিতিতে ফারুকের নেতৃত্বে যথার্থতা মূল্যায়ন করো। ৪

৩.▶তিতাস লি. প্রতি একক পণ্য উৎপাদনে নিম্নবর্ণিত ব্যয়সমূহ প্রাক্কলন করে—

| ব্যয়ের উপাদান | একক প্রতি ব্যয় (টাকা) |
|---|---|
| কাঁচামাল | ১,০০০ |
| শ্রম ব্যয় | ১৫০ |
| পরোক্ষ ব্যয় | ১০০ |
| মোট ব্যয় | ১,২৫০ |

তিতাস লি. তাদের উৎপাদন সংক্রান্ত ব্যয় ও বিক্রয় মূল্যের ভিত্তিতে নিয়ন্ত্রণ করে থাকে।

ক. সংখ্যাত্মক উপাত্ত বিশ্লেষণ কী? ১

খ. 'নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা প্রক্রিয়ার সর্বশেষ ধাপ'— ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের ছকে প্রাক্কলিত কার্যক্রমটি নিয়ন্ত্রণ প্রক্রিয়ার কোন ধাপের সাথে সংশ্লিষ্ট? ব্যাখ্যা করো। ৩

ঘ. তিতাস লি. কর্তৃক ব্যবহৃত নিয়ন্ত্রণ কৌশলটির যথার্থতা উদ্দীপকের আলোকে মূল্যায়ন করো। ৪

https://teachingbd24.com

৪. ▶ জনাব আজমাইন এমবিএ পাস করে একটি বেসরকারি প্রতিষ্ঠানে চাকরি পেয়েছেন। প্রথম দিন অফিসে গিয়ে সে দেখলো প্রতিটি কর্মীরই কাজ নির্দিষ্ট করে দেয়া আছে। সে ভাবলো এ নীতিতে সত্যিই কাজে গতি ও মান বৃদ্ধি পাচ্ছে। একদিন তার বিভাগীয় প্রধান তাকে ডেকে বললেন, তাদের প্রতিষ্ঠানে পদ মর্যাদা অনুসারে ভিন্ন ভিন্ন নির্দিষ্ট বেতন কাঠামো আছে, যেন কর্মীদের মধ্যে কার্যসন্তুষ্টি বিরাজ করে।

ক. বৈজ্ঞানিক ব্যবস্থাপনার জনক কে? ১
খ. লক্ষ্য অর্জনে 'একতাই বল' নীতি গুরুত্বপূর্ণ কেন? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে জনাব আজমাইন প্রথমত ব্যবস্থাপনার কোন নীতির কথা ভেবেছিলেন? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে বিভাগীয় প্রধান যে নীতিকে ইঙ্গিত করেছেন তা কর্মী সন্তুষ্টি অর্জনে সহায়ক-বিশ্লেষণ করো। ৪

৫. ▶ মি. রহিম একটি প্রতিষ্ঠানের একজন ইলেকট্রিশিয়ান। প্রতিদিন ঝুঁকি নিয়ে তাকে বিভিন্ন ধরনের কাজ করতে হয়। মি. রহিমের পরিবার তার কাজ নিয়ে সব সময় উদ্বিগ্ন থাকে। রহিম বিষয়টি প্রতিষ্ঠানের মানব সম্পদ ব্যবস্থাপককে অবহিত করেন। এ প্রেক্ষিতে প্রতিষ্ঠান তার বেতন না বাড়িয়ে একটি বিমা করে দেয়। এতে রহিমের কাজের প্রতি আগ্রহ বেড়ে যায়।

ক. প্রেষণা কী? ১
খ. পুরস্কার কী প্রণোদনা? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে রহিমকে কোন ধরনের প্রেষণা দেয়া হয়েছে? বর্ণনা করো। ৩
ঘ. রহিমকে প্রদত্ত সুবিধা মাসলোর প্রেষণা তত্ত্বের কোন স্তরের চাহিদা পূরণ হয়েছে বলে তুমি মনে করো? যুক্তি দাও। ৪

৬. ▶ নিচের চিত্রটি লক্ষ করো:

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| তথ্যের উৎস | → | প্রেরক | → | এনকোডিং | → | সংবাদ বা তথ্য |
| | | ↑ | | | | ↓ |
| | | ↑ | | | | মাধ্যম |
| | | ↑ | | | | ↓ |
| | | A | ← | ডিকোডিং | ← | প্রাপক |

ক. সিদ্ধান্ত কী? ১
খ. 'পরিকল্পনা ব্যবস্থাপনার অন্যান্য কাজের ভিত্তি'— ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকের প্রদত্ত চিত্রটি কোন প্রক্রিয়া নির্দেশ করে? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত প্রক্রিয়ায় (চিত্রে) 'A' চিহ্নিত উপাদানটির ভূমিকা মূল্যায়ন করো। ৪

## খ বিভাগ

৭. ▶ স্কয়ার গ্রুপ ২০ জন মাঠ কর্মকর্তা নিয়োগ দেবে। বিজ্ঞপ্তি দেয়ার পর প্রথমত লিখিত পরীক্ষা দিয়ে ৭৫ জনকে বাছাই করা হল। যারা উত্তীর্ণ হয়েছে তাদের ৩ দিনের একটি ক্যাম্পে রেখে বিভিন্ন বিষয়ে আলোচনা ও পরীক্ষা নেয়া হয়। এর আলোকে ২০ জনকে নিয়োগপত্র ইস্যু করা হয়। দ্বিতীয়ত, কাজে যোগদানের পূর্বে একদিনের জন্য তাদেরকে নিয়ে আলোচনার ব্যবস্থা করা হয়। এতে ঊর্ধ্বতন কর্মকর্তাগণ প্রতিষ্ঠানের ইতিহাস, ঐতিহ্য, করণীয় ইত্যাদি বিষয়ের ওপর বক্তৃতা দেন।

ক. পদ আবর্তন কী? ১
খ. যোগ্যতার ভিত্তিতে পদোন্নতি উত্তম কেন? ২
গ. উদ্দীপকে উল্লিখিত প্রথম পর্যায়ের কাজগুলো কর্মীসংস্থান প্রক্রিয়ার কোন পর্যায়ের অন্তর্ভুক্ত? বর্ণনা করো। ৩
ঘ. উদ্দীপকে দ্বিতীয় পর্যায়ের কাজ প্রতিষ্ঠানের সফলতায় কতটুকু গুরুত্ববহ তা বিশ্লেষণ করো। ৪

৮. ▶ জনাব শাহীন আহমেদ বাংলাদেশ অলিম্পিক ইন্ডাস্ট্রিজের সিইও। সকলের সাথে আলোচনা করে তিনি তার প্রতিষ্ঠানের কার্য পরিচালনা করেন। কর্মীদের বিভিন্ন অসুবিধার কথা তিনি শোনেন এবং সমাধানের চেষ্টা করেন। নীতি নির্ধারণ ও সিদ্ধান্ত গ্রহণে মতামত দেয়ার সুযোগ পেয়ে কর্মীরাও ব্যবস্থাপনার প্রতি সন্তুষ্ট। কর্মী

Teachingbd24.com

ব্যবস্থাপনা ও পণ্যের মানের কারণে প্রতিষ্ঠানটি ISO সনদ লাভ করে কিন্তু সম্প্রতি কিছু প্রতিযোগী প্রতিষ্ঠানের ইন্ধনে কিছু শ্রমিক উক্ত প্রতিষ্ঠানে বিশৃঙ্খলার চেষ্টা করছে।

ক. নির্দেশনা কী? ১

খ. নির্দেশনাকে প্রশাসনের হৃৎপিণ্ড বলা হয় কেন? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে বর্ণিত প্রতিষ্ঠানে কোন ধরনের নির্দেশনা বিদ্যমান? ব্যাখ্যা করো। ৩

ঘ. বর্তমান পরিস্থিতি মোকাবেলায় কোন ধরনের নেতৃত্ব অধিকতর প্রয়োগযোগ্য বলে তুমি মনে কর? যুক্তিসহ লেখ। ৪

৯. ▶ জনাব মুশফিকের সংগঠন কাঠামোতে দেখা যায় একটি বিভাগে কর্মীর সংখ্যা কম হওয়ায় ঐ বিভাগের কর্মীরা কর্মভারগ্রস্ত হয়ে পড়েছে। আবার অন্য একটি বিভাগে কর্মীর সংখ্যা বেশি থাকায় তারা দ্রুত কাজ শেষ করে অলস সময় কাটাচ্ছে। এতে প্রতিষ্ঠানের বিশৃঙ্খলা সৃষ্টি হয়েছে। এজন্য জনাব মুশফিক জনবল পুনঃবিন্যাস করেছেন। পরবর্তীতে প্রতিটি বিভাগ যেন নিজ থেকেই সকল বিভাগের সাথে সহযোগিতার মাধ্যমে প্রাতিষ্ঠানিক লক্ষ্যার্জনে কাজ করে তার ব্যবস্থাও করেন।

ক. পরিকল্পনা কী? ১

খ. কার্যকর সমন্বয়ের ক্ষেত্রে উদ্দেশ্যের ঐক্য স্থাপন জরুরি কেন? ২

গ. উদ্দীপকের জনাব মুশফিকের সংগঠনে সমন্বয়ের কোন নীতির অভাবে বিশৃঙ্খলা সৃষ্টি হয়েছিল? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের পরবর্তীতে সমন্বয়ের যে নীতির কথা বলা হয়েছে প্রাতিষ্ঠানিক লক্ষ্যার্জনে তার ভূমিকা বিশ্লেষণ করো। ৪

১০. ▶ জনাব শামীম একজন ঠিকাদার ব্যবসায়ী। তিনি প্রকৌশলীর নকশা অনুযায়ী বিল্ডিং-এর নির্মাণ কাজ করেন। যথাসময়ের মধ্যেই তিনি একটি বিল্ডিং নির্মাণের কাজ সমাপ্ত করেন। পরবর্তীতে তিনি আরও একটি বিল্ডিংয়ে উক্ত নকশা অনুযায়ী নির্মাণ করতে যেয়ে সমস্যায় পড়েন। তাই তিনি নকশা পরিবর্তনের সিদ্ধান্ত নেন।


ক. শব্দ-বহির্ভূত যোগাযোগ কী? ১

খ. ভিডিও কনফারেন্সিং বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে উল্লিখিত প্রথম পরিকল্পনাটি প্রকৃতিগত শ্রেণিবিভাগ অনুযায়ী কোন ধরনের? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের পরিস্থিতিতে নকশা পরিবর্তনের মাধ্যমে পরিকল্পনার যে বৈশিষ্ট্য ফুটে উঠেছে তার কার্যকারিতা মূল্যায়ন করো। ৪

১১. ▶ নিচের চিত্রটি লক্ষ করো:




ক. সংগঠিতকরণ কী? ১

খ. কাম্য তত্ত্বাবধান পরিসর বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের চিত্রে কোন ধরনের সংগঠনের কথা উল্লেখ করা হয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উল্লিখিত সংগঠনের কর্মীদের মাঝে দ্বৈত অধীনতা সৃষ্টি হতে পারে— তুমি কি এর সাথে একমত? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

Teachingbd24.com

সময়— ৩০ মিনিট পূর্ণমান— ৩০ ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা-দ্বিতীয় পত্র: বহুনির্বাচনি অভীক্ষা বিষয় কোড : ২ ৭ ৮

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. নিয়ন্ত্রণের কোন পদক্ষেপটির সাথে পরিকল্পনা সরাসরি সম্পর্কযুক্ত?**
ক) কার্যফল পরিমাপ
খ) সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণ
গ) আদর্শমান নির্ধারণ
ঘ) বিচ্যুতির কারণ নির্ণয়

**উদ্দীপকটি পড়ো এবং ২ নং প্রশ্নের উত্তর দাও।**
দেশের বিভিন্ন স্থানে আশরাফের প্রতিষ্ঠানের ৩৫টি শাখা আছে। তিনি বছরের প্রারম্ভে প্রত্যেক শাখার বিক্রয় টার্গেট নির্ধারণ করে দেন। তিনি প্রতি তিন মাস পর পর প্রত্যেক শাখার হিসাবের বই ও কর্মীদের দায়িত্ব তালিকা যাচাই করেন। বিচ্যুতি দেখা দিলে সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণ করেন। ফলে তিনি সহজে লক্ষ্যমাত্রা অর্জন করেন।

**২. আশরাফ লক্ষ্য অর্জনে কোন ধরনের নিয়ন্ত্রণ কৌশল গ্রহণ করেছেন?**
ক) সমচ্ছেদ বিন্দু খ) বাজেট
গ) অভ্যন্তরীণ নিরীক্ষা
ঘ) বিশেষ রিপোর্ট বিশ্লেষণ

**৩. কোনটি নিয়ন্ত্রণের সাধারণ কৌশল?**
ক) বেঞ্চমার্কিং খ) ব্যবস্থাপনায় নিরীক্ষা
গ) বাজেট ঘ) গ্যান্ট চার্ট

**৪. POSDCORB এর আবিষ্কারক কে?**
ক) চার্লস ব্যাবেজ খ) লুইস. এ এলন
গ) হেনরি ফেয়ল ঘ) এল. গুলিক

**৫. ব্যবস্থাপনা চক্রে নিয়ন্ত্রণের পরবর্তী ধাপ কোনটি?**
ক) পরিকল্পনা খ) সংগঠন
গ) কর্মীসংস্থান ঘ) নির্দেশনা

**উদ্দীপকটি পড়ো এবং ৬ নং প্রশ্নের উত্তর দাও।**
মুবিন একটি স্বনামধন্য কারখানার সুপারভাইজার যিনি ১৫ জন শ্রমিকের উৎপাদন কার্যক্রম তত্ত্বাবধান করে।

**৬. সুপারভাইজার মুবিন কারখানার কোন স্তরের ব্যবস্থাপক?**
ক) উচ্চ খ) মধ্য
গ) প্রশাসন ঘ) নিম্ন

**৭. সমন্বয়সাধনের মুখ্য উদ্দেশ্য কোনটি?**
ক) দক্ষ জনশক্তি তৈরি খ) কার্যক্ষেত্রে জবাবদিহিতা
গ) উৎপাদন বৃদ্ধি ঘ) দলীয় প্রচেষ্টা

**উদ্দীপকটি পড়ো এবং ৮ ও ৯ নং প্রশ্নের উত্তর দাও।**
মোহাম্মদ আলী 'আল্লাহর দান' নামক হোটেলের মালিক। রাতের খাবার পরিবেশনের সময় দেখা গেল কিছু উপকরণ তখনও রান্না হয়নি। মোহাম্মদ আলী এর কারণ জানতে চাইলে বাবুর্চি জানালেন রান্নার কাঁচামাল বিলম্বে আসায় সমস্যার সৃষ্টি হয়েছে। এতে মোহাম্মদ আলী হোটেলের সব কর্মচারীর ওপর ক্ষুব্ধ হলেন।

**৮. উল্লিখিত হোটেলে সমন্বয়ের কোন নীতি লঙ্ঘিত হয়েছে?**
ক) দলীয় সমঝোতা
খ) কার্যসমূহের সমন্বিতকরণ
গ) পরিবর্তনশীলতা ঘ) প্রারম্ভে শুরু

**৯. মোহাম্মদ আলীর হোটেলে প্রতিটি বিভাগের কাজে সমন্বয় নিশ্চিত করতে প্রয়োজন—**
i. আদেশের ঐক্য ii. নির্দেশনার ঐক্য
iii. দলীয় প্রচেষ্টা
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**১০. বৈজ্ঞানিক ব্যবস্থাপনার মানবীয় দিক কোনটি?**
ক) শ্রমিক নিয়োগ খ) কারখানা পরিবেশ
গ) পরিকল্পনা ঘ) কাঁচামাল

**উদ্দীপকটি পড়ো এবং ১১ নং প্রশ্নের উত্তর দাও।**
অরিয়ন গ্রুপের প্রত্যেক বিভাগের সবাই প্রতিষ্ঠানের সুবিধাকে বড় করে দেখে। ব্যক্তিগত সুবিধাকে তারা অগ্রাধিকার দেয় না। ফলে প্রতিষ্ঠানটি বাজারে শীর্ষে আছে।

**১১. উদ্দীপকে ব্যবস্থাপনার কোন নীতির উল্লেখ করা হয়েছে?**
ক) শৃঙ্খলার খ) কার্যবিভাগের
গ) সাধারণ স্বার্থে নিজ স্বার্থ জলাঞ্জলি
ঘ) সাম্যের

**১২. হেনরি ফেয়ল প্রদত্ত ব্যবস্থাপনার প্রথম নীতি কোনটি?**
ক) নিয়মানুবর্তিতা খ) সাম্যতা
গ) কার্যবিভাজন ঘ) আদেশের ঐক্য

**১৩. ই-মেইলে সংবাদ প্রেরণ করতে নির্দিষ্ট পোর্টালের নির্দিষ্ট পেইজে গিয়ে প্রথমে কোন ধাপ অনুসরণ করতে হয়?**
ক) Subject খ) Send
গ) Message ঘ) To

**উদ্দীপকটি পড়ো এবং ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও।**
সাভারের ফকির গার্মেন্টিসে আগুন প্রতিরোধে জনাব মান্নান তার কর্মীদের একটি নোটিশ প্রদান করেন। নোটিশে কিছু ইংরেজি টার্ম ব্যবহার করায় কর্মীগণ নোটিশের অর্থ বুঝতে পারেনি। ফলে তারা আগুন নিভাতে ব্যর্থ হয়। এতে কারখানার অনেক ক্ষতি হয়।

**১৪. জনাব মান্নান যোগাযোগের কোন মাধ্যম ব্যবহার করেছেন?**
ক) মৌখিক খ) লিখিত
গ) অভ্যন্তরীণ ঘ) সাংগঠনিক

**১৫. আগুন নিভানোর ব্যর্থতায় কোন ধরনের বাধা দায়ী বলে তুমি মনে করো?**
ক) শোরগোল খ) ব্যক্তিগত
গ) তথ্যগত ঘ) ভাষাগত

Teachingbd24.com

**উদ্দীপকটি পড়ো এবং ১৬ ও ১৭ নং প্রশ্নের উত্তর দাও।**

মি. মঈন একটি প্রসাধনী উৎপাদনকারী কারখানার মালিক। গত ৫ বছরে কারখানাটি একটি পদ্ধতিতে তার প্রতিষ্ঠানে কর্মী নিয়োগ করছে।

**১৬. উদ্দীপকে কোন ধরনের পরিকল্পনার কথা বলা হয়েছে?**

ⓚ স্থায়ী ⓚ লক্ষ্য
ⓖ স্বল্পমেয়াদি ⓖ একার্থক

**১৭. এরূপ পরিকল্পনার ফলে প্রতিষ্ঠানে—**

i. ব্যয় বৃদ্ধি পাবে
ii. গতিশীলতা বৃদ্ধি পাবে
iii. সময়ের সদ্ব্যবহার হবে

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**১৮. প্রকল্প কোন ধরনের পরিকল্পনা?**

ⓚ বিশেষ ⓚ একার্থক
ⓖ লক্ষ্য ⓖ স্থায়ী

**১৯. দ্বি-উপাদান তত্ত্ব অনুযায়ী কোনটি প্রেষণামূলক উপাদান?**

ⓚ নিরাপত্তা ⓚ কাজের শর্তাবলি
ⓖ বেতন ⓖ স্বীকৃতি

**২০. মি. মঈন একটি প্রতিষ্ঠানে সহকারী ব্যবস্থাপক হিসেবে দীর্ঘ ৮ বছর ধরে কর্মরত আছেন। নিচের প্রেষণার কোন উপাদানটি মি. মঈনের জন্য সর্বোচ্চ প্রণোদনা মূলক হতে পারে?**

ⓚ পদোন্নতি ⓚ বার্ষিক বেতন বৃদ্ধি
ⓖ বোনাস ⓖ প্রশিক্ষণ

**২১. প্রেষণার প্রত্যাশা তত্ত্বের সমীকরণ কোনটি?**

ⓚ M = P X I ⓚ M = I X V
ⓖ M = M X I X V ⓖ M = E X I X V

**উদ্দীপকটি পড়ো এবং ২২ ও ২৩ নং প্রশ্নের উত্তর দাও।**

Pepsico একটি কোমল পানীয় তৈরির স্বনামধন্য প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটির উৎপাদান ও বিক্রয় দিন দিন বৃদ্ধি পাচ্ছে। তাই কাজের সুবিধার্থে প্রতিষ্ঠানটি তাদের কাজগুলোকে প্রকৃতি অনুযায়ী ভাগ করে একজন বিশেষজ্ঞ কর্মীর তত্ত্বাবধানে দায়িত্ব প্রদান করে। ফলে প্রতিষ্ঠানটি বাজারে তার অবস্থান ধরে রাখতে পারছে। কিন্তু কিছুদিনের মধ্যে প্রতিষ্ঠানের ব্যয় বৃদ্ধিসহ কতকগুলো সমস্যা দেখা দিচ্ছে।

**২২. Pepsico কোন ধরনের সাংগঠনিক কাঠামো অনুসরণ করে?**

ⓚ সরলরৈখিক ⓚ সরলরৈখিক ও উপদেষ্টা
ⓖ মেট্রিক্স ⓖ কার্যভিত্তিক

**২৩. Pepsico এর সমস্যার কারণসমূহ হলো—**

i. নির্ভরশীলতা বৃদ্ধি ii. সমন্বয়ের অভাব
iii. নিম্নমানের পণ্য উৎপাদন

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**২৪. মেট্রিক্স সংগঠনের বৈশিষ্ট্য হলো—**

i. পণ্যভিত্তিক বিভাগীয়করণ
ii. অঞ্চলভিত্তিক বিভাগীয়করণ
iii. কার্যভিত্তিক বিভাগীয়করণ

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**২৫. পদমর্যাদা হতে যে নেতৃত্বের সৃষ্টি হয় তাকে বলে—**

ⓚ আনুষ্ঠানিক ⓚ অনানুষ্ঠানিক
ⓖ ইতিবাচক ⓖ নেতিবাচক

**উদ্দীপকটি পড়ো এবং ২৬ ও ২৭ নং প্রশ্নের উত্তর দাও।**

সায়মা খাতুন একটি প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী। তিনি সব ক্ষমতা নিজের কাছে কুক্ষিগত করে রাখেন এবং নিজের ইচ্ছামতো সিদ্ধান্ত গ্রহণ করেন। ফলে অধস্তনগণ কার্য সম্পাদনে উৎসাহ বোধ করেন না। এতে লক্ষ্য অর্জনে সমস্যা হচ্ছে।

**২৬. সায়মা খাতুনের নেতৃত্ব কোন ধরনের?**

ⓚ গণতান্ত্রিক ⓚ স্বৈরতান্ত্রিক
ⓖ লাগামহীন ⓖ পিতৃসুলভ

**২৭. কোন ধরনের নির্দেশনা কৌশল উদ্দীপকের সমস্যা সমাধান করতে পারে?**

ⓚ স্বৈরাচারী ⓚ পরামর্শমূলক
ⓖ লাগামহীন ⓖ পিতৃসুলভ

**উদ্দীপকটি পড়ো এবং ২৮ ও ২৯ নং প্রশ্নের উত্তর দাও।**

ঝুমকি ও চুমকি দুই বান্ধবী এমবিএ পাস করে একটি বেসরকারি প্রতিষ্ঠানে সহকারী ব্যবস্থাপক হিসাবে ২০১৭ সালে যথাক্রমে জানুয়ারি ও মার্চ মাসে যোগদান করে। একই বছরের নভেম্বর মাসে উক্ত প্রতিষ্ঠানে ক্রয় ব্যবস্থাপকের পদ শূন্য হলে কর্মফল বিবেচনায় কর্তৃপক্ষ চুমকিকে পদোন্নতি প্রদান করে।

**২৮. উদ্দীপকে উল্লেখিত পদোন্নতির ভিত্তি কোনটি?**

ⓚ যোগদানকাল ⓚ জ্যেষ্ঠতা
ⓖ জ্যেষ্ঠতা ও যোগ্যতা ⓖ মেধা

**২৯. এরূপ পদোন্নতির ফলে—**

i. দক্ষ কর্মীরা অনুপ্রাণিত হয়
ii. বয়স্ক কর্মীরা অনুপ্রাণিত হয়
iii. প্রতিষ্ঠানের উৎপাদনশীলতা বৃদ্ধি পায়

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**৩০. কর্মী সংগ্রহ প্রক্রিয়ার শেষ কাজ কোনটি?**

ⓚ বিজ্ঞপ্তি ⓚ কর্মী প্রশিক্ষণ
ⓖ উৎস নির্ধারণ ⓖ কর্মী নিয়োগ

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | গ | ২ | গ | ৩ | খ | ৪ | ঘ | ৫ | ক | ৬ | ঘ | ৭ | খ | ৮ | খ | ৯ | ঘ | ১০ | ক | ১১ | গ | ১২ | গ | ১৩ | ঘ | ১৪ | খ | ১৫ | ঘ |
| ১৬ | ক | ১৭ | গ | ১৮ | খ | ১৯ | ঘ | ২০ | ক | ২১ | ঘ | ২২ | ঘ | ২৩ | ক | ২৪ | খ | ২৫ | ক | ২৬ | খ | ২৭ | খ | ২৮ | ঘ | ২৯ | খ | ৩০ | ক |

Teachingbd24.com